

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫২৩৪(আগরতলা ১৮।০৩)  
উদয়পুর, ১৮ মার্চ, ২০২৪

বাগমায় সঙ্গত্ৰ উৎসবের উদ্বোধন

**উৎসবে বৈচিত্ৰের মধ্যে ঐক্য পরিলক্ষিত হয় : রাজ্যপাল**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল উদয়পুর মহকুমার বাগমা খামারবাড়িস্থিত আমা সঙ্গত্ৰ আশ্রমে সঙ্গত্ৰ উৎসব ও মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। মেলা উদ্বোধন করে রাজ্যপাল বলেন, আমা সঙ্গত্ৰ আশ্রমের প্রতি মানুষের ভক্তি ও আস্থা রয়েছে বলেই প্রতি বছর বৃহৎ পরিসরে এই উৎসবের আয়োজন করা হয়ে থাকে। তিনি আরও বলেন, এই ধরনের উৎসবে বৈচিত্ৰের মধ্যে ঐক্য পরিলক্ষিত হয়। কেন্দ্রীয় সরকার দেশের ঐক্য ও সংহতি রক্ষায় নিরলসভাবে কাজ করে চলেছে। অনুষ্ঠানে রাজ্যপাল সঙ্গত্ৰ আশ্রমের ড্রয়িং এবং ডাইনিং হল নির্মাণের জন্য রাজ্যপাল তহবিল থেকে ২ লক্ষ টাকা সহায়তা দেওয়ার কথা ঘোষণা করেন। অনুষ্ঠানে রাজ্যপাল সচিব ইউ কে চাকমা, আমা সঙ্গত্ৰ আশ্রমের পুরোহিত শান্তি মোহন জমাতিয়া প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন আমা সঙ্গত্ৰ আশ্রম সঙ্ঘের সভাপতি সূর্যোদয় জমাতিয়া।

\*\*\*\*\*